

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে মামলা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি •

রাজধানীতে অবস্থিত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে থানায় মামলা করেছে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ। তবে অভিযুক্ত দুজন পরীক্ষার্থীর মধ্যে থানা কর্তৃপক্ষ বলছে একজনের নামে মামলা হয়েছে। যদিও বিশ্ববিদ্যালয় প্রশাসন দাবি করেছে দুজনের নামেই মামলা হয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়, গত ওক্টোবর বিকেলে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা চলাকালে ভেঙাপাও কলেজ কেডে

মুঠোফোনে উত্তরপত্র জালিয়াতির দায়ে মারুফ বিল্লাহ ও নাদিয়া আরেফিন নামে দুই পরীক্ষার্থীকে আটক করা হয়। এদের মধ্যে মারুফের নামে ওই দিন রাতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শেরেবাংলা নগর থানায় একটি মামলা দায়ের করা হয়। মামলার নথিতে দেখা যায়, মুঠোফোনে খুঁদে ব্যক্তির মাধ্যমে (০১৬৮৮৪২৫১৯২ থেকে ০১৭৪২৯৪৬৬৮৫) উত্তরপত্র আশার প্রমাণের কথা উল্লেখ করা হয়েছে। তবে কখন খুঁদে বার্তাটি এসেছে, তা উল্লেখ করা হয়নি।

অপর অভিযুক্ত পরীক্ষার্থী নাদিয়া আরেফিনের নামে মিরপুর থানায় মামলা দায়ের করার

কথা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সাংবাদিকদের কাছে দাবি করলেও ওই থানায় যোগাযোগ করলে পরিদর্শক মইনুল ইসলাম জানিয়েছেন, এ নামে কোনো মামলা হয়নি।

এ ধরনের ঘটনায় সাধারণত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠন করলেও এ ক্ষেত্রে তা করা হয়নি। বিশ্ববিদ্যালয়ের কেউ কেউ অভিযোগ করেন, কর্তৃপক্ষ বিষয়টি চেপে যাওয়ার চেষ্টা করেছে। তবে এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আনোয়ারুল ইসলাম গতকাল সাংবাদিকদের বলেন, থানায় মামলা করা হয়েছে, তাই তদন্ত কমিটির প্রয়োজন নেই।